



গণতন্ত্র টিকিয়ে রাখতে পিআর পদ্ধতির ভোটের দাবি অধ্যাপক মুজিবুর রহমানের



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামী বাংলাদেশের নায়েবে আমির অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, উপযুক্ত নির্বাচন পরিবেশ ছাড়া কখনোই সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য ভোট সম্ভব নয়। তাই নির্বাচনের আগে একটি নিরাপদ ও সহনশীল রাজনৈতিক পরিবেশ তৈরি করার জন্য সরকারের প্রতি তিনি আহ্বান জানিয়েছেন।

শুক্রবার রাজধানীর মিরপুর-১৩ এলাকায় জামায়াতে ইসলামীর মহিলা বিভাগ আয়োজিত ব্রেষ্ট ক্যান্সার সচেতনতামূলক এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

অধ্যাপক মুজিবুর রহমান বলেন, “পিআর বা প্রোগ্রামেশনাল রিপ্রেজেন্টেশন পদ্ধতিতে নির্বাচন হলে জনগণ ভয়মুক্তভাবে তাদের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারবেন। এতে গণতন্ত্রের গতিধারা বাধাগ্রস্ত না হয়ে আরও শক্তিশালী হবে।”

তিনি আরও বলেন, “এই পদ্ধতি চালু হলে কেন্দ্র দখল, জাল ভোট ও প্রশাসনিক প্রভাব বিস্তারের মতো অনিয়ম অনেকাংশে বন্ধ হবে। তাই দেশের রাজনৈতিক স্থিতিশীলতা ও গণতন্ত্র রক্ষার স্বার্থে অবিলম্বে পিআর পদ্ধতিতে নির্বাচন আয়োজন করা প্রয়োজন।”

অধ্যাপক মুজিবুর রহমান সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলেন, “গণতান্ত্রিক চর্চাকে টিকিয়ে রাখতে হলে প্রতিদ্বন্দ্বিতামূলক নয়, বরং অংশগ্রহণমূলক নির্বাচনের সংস্কৃতি গড়ে তুলতে হবে।”